

এসএসসি পরীক্ষায় প্রস্তুি দিতে গিয়ে যুবক আটক

উজিরপুর (বরিশাল) প্রতিনিধি

২৯ এপ্রিল ২০২৬, ১২:০০ এএম



নতুন ধারার দৈনিক

আমাদের সময়

বরিশালের উজিরপুর উপজেলায় এসএসসি পরীক্ষায় প্রস্তুি দিতে গিয়ে মো. তাফসির ইসলাম নামে এক যুবককে আটক করেছে ভ্রাম্যমাণ আদালত। তৎক্ষণিক ভ্রাম্যমাণ আদালতের মাধ্যমে তাকে এক বছরের বিনাশ্রম কারাদণ্ড দেওয়া হয়েছে। তাফসির ইসলাম উপজেলার বামরাইল ইউনিয়নের হস্তিশুণ্ড এলাকার লিয়াকত সিকদারের ছেলে।

জানা গেছে, গতকাল উপজেলার ধামুড়া মাধ্যমিক বিদ্যালয় পরীক্ষা কেন্দ্রে চলমান এসএসসি পরীক্ষায় তিনি অন্য পরীক্ষার্থীর হয়ে (প্রস্তুি) দিতে গেলে পরীক্ষাকেন্দ্র কর্তৃপক্ষের সন্দেহ হয়। পরে যাচাই-বাছাই শেষে তার পরিচয় নিশ্চিত হওয়া গেলে তাকে আটক করা হয়।

তৎক্ষণিক উপজেলা সহকারী কমিশনার (ভূমি) মহেশ্বর মণ্ডল ভ্রাম্যমাণ আদালত পরিচালনা করে তাকে এক বছরের বিনাপ্রম কারাদণ্ড ও নগদ ১০০ টাকা জরিমানা প্রদান করেন।